

সাজিয়ে নিন টেলিভিশনের চারপাশ

টেলিভিশনকে ঘিরে ঘরের অন্দরসজ্জা হওয়া চাই নান্দনিক। এর চারপাশ এমনভাবে সাজিয়ে রাখতে হবে, যাতে তা একইসঙ্গে ঘরের সৌন্দর্য বাড়ায় এবং টেলিভিশন দেখার আনন্দেও ভরিয়ে দেয় মন।

■ টেলিভিশনের চারপাশ ঘিরে পেছনের দেয়ালে পারিবারিক ছবি, বিচিত্র কোনো চিত্রকর্ম বা নজরকাড়া কোনো শো-পিস বুলিয়ে দিন। এতে টিভি দেখার সময় মাঝে মাঝে সেদিকে তাকিয়ে চোখকে কিছুটা বিশ্রামের সুখ দিতে পারবেন।

■ টেলিভিশনের ওপরে দেয়াল ঘেঁষে তাক বসিয়ে সেখানে বিচিত্র, সুন্দর বিভিন্ন জিনিস রাখতে পারেন।

■ টেলিভিশন দেখা যদি আসক্তিতে রূপ নেয়, তাহলে টেলিভিশনের চারপাশে যত বেশি পারেন ছবি, টেবিল ল্যাম্প, শোপিস প্রভৃতি রাখুন। এতে টেলিভিশনের প্রতি মনোযোগ কমবে।



■ টেলিভিশন ফ্ল্যাট স্ক্রিনের হলে সেটা দেয়ালে বুলিয়ে চারদিকে ছবির ফ্রেমের মতো ফ্রেম তৈরি করে দিতে পারেন।

■ টেলিভিশনের আশপাশের দেয়ালে একই আকারের ফ্রেমে সাদাকালো ছবি দিয়ে সাজিয়ে নিন, এতে পুরো ঘরের চেহারা ই বদলে যাবে।



আপনার শ্যাম্পু

চুলের যত্নে শ্যাম্পু অপরিহার্য। তো সেই শ্যাম্পু ব্যবহার নিয়ে একটু জেনে নিন-

- শ্যাম্পুর ধরন অবশ্যই আপনার চুলের প্রকৃতির সঙ্গে সাদৃশ্যপূর্ণ হওয়া দরকার। যেমন- মোটা চুলের জন্য দরকার ময়েস্চারাইজার শ্যাম্পু। তাই একজন বিশেষজ্ঞের সঙ্গে কথা বলে আপনার দরকারি শ্যাম্পুর ধরন জেনে নিন।
- মাথায় শ্যাম্পু দেয়ার সময় মাথা ম্যাসাজ করুন। এতে মাথায় রক্ত চলাচল বৃদ্ধি পায়, যা আপনার চুল গজানোতে সহায়ক।
- অনেকে শ্যাম্পু দেয়ার সময় বেশ গরম পানি ব্যবহার করেন, যা চুলের জন্য বেশ ক্ষতিকর। দরকার হলে কুসুম গরম পানি ব্যবহার করুন।
- দরকারের বেশি শ্যাম্পু মাথায় দেয়ার প্রয়োজন নেই। কারণ তাতে ফেনা বেশি হয়, যা আপনার মাথা ম্যাসাজ করতে অসুবিধার সৃষ্টি করে।

নাম ভুলে যান? কী করবেন?

দেখা হওয়ার কিছুক্ষণ পর বুঝলেন সেই মানুষটির নাম আপনার মনে নেই। তার ফোন নম্বরটি হয়তো ডায়াল কলে রেখে দিয়েছেন, কিন্তু নামটাই যে মনে নেই! এ রকম সমস্যায় আমরা অনেকেই পড়ি। তো এবার জেনে নিন কী করে এ সমস্যা কাটাবেন।

● যখন নতুন কারো সঙ্গে পরিচিত হবেন তখন তার নাম জানার সঙ্গে সঙ্গে জোরে বলুন আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম জনাব 'ক'।

● নতুন মানুষের নাম শোনার সঙ্গে সঙ্গে ফোনে তার নাম সেভ করুন।

● যদি ওপরের কোনো পদ্ধতিতেই কারো নাম

মনে রাখতে না

পারেন, তাহলেও

অন্তত তার কোনো

বৈশিষ্ট্য বা কেথায়

আপনাদের দেখা

হয়েছিল সেটা

অন্তত মনে থাকার

কথা। পরবর্তী

সময়ে তার সঙ্গে

আবার দেখা হলে

শুরুতেই বলুন যে

নাম মনে রাখার

ব্যাপারে আপনি খুব

দুর্বল। এরপর আপনি যে

তাকে মনে রেখেছেন সেটা

বোঝানোর জন্য বলতে

পারেন, 'আরে, আমাদের

তো অমুক অনুষ্ঠানে দেখা

হয়েছিল। সেদিন আপনি

নীল রঙের শার্ট

পরেছিলেন।'

